গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬১.১৯/

/১৪২৬।
তাং-----------------
/২০১৯।

প্রতি ঃ জনাব নাজনিন সুলতানা,
পিতা-মোঃ আসরাফুল ইসলাম,
নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে),
নার্সিং ইনস্টিটিউট, টাংগাইল।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব নাজনিন সুলতানা(পিতা-মোঃ আসরাফুল ইসলাম), নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), নার্সিং ইনস্টিটিউট, টাংগাইল এর বিরুদ্ধে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি ২৫/০৪/২০১৯খ্রিঃ, ১৫/০৮/২০১৯খ্রিঃ ও ১৮/০৯/২০১৯খ্রিঃ তারিখ হতে ১৯/০৯/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত এবং ২১/১০/২০১৯খ্রিঃ তারিখ মোট ০৪ বার বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করে থাকেন। এ পর্যন্ত আপনি ২৮ দিন অর্জিত ছুটি এবং ২০ দিনের স্থলে ২৫ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করেছেন। গত ১৫ই আগস্ট জাতির জনক বঙ্গবন্ধুর ৪৪তম শাহাদৎ বার্ষিকী পালনের জন্যে উক্ত প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীকে এ অধিদপ্তরের নির্দেশনা থাকা সত্ত্বেও আপনি উক্ত দিবসে নার্সিং ইনস্টিটিউটে উপস্থিত থাকেন নি। আপনার এরুপ প্রায় সময় শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদানের কাজে অননুমোদিত ভবে অনুপস্থিত থাকা এবং দীর্ঘ দিন ছুটি ভোগ করার কারণে নার্সিং প্রশিক্ষণ প্রদানের কাজে বিঘ্নতার সৃষ্টি হয়। আপনা কর্তৃক এহেনভাবে শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদানের কাজে প্রায় সময় অননুমোদিত ভবে অনুপস্থিত থাকা এবং দীর্ঘ দিন ছুটি ভোগ করে নার্সিং প্রশিক্ষণ প্রদান কাজের দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলা করা সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধির পরিপন্থি এবং শাস্তি যোগ্য অপরাধ।

সেহেতু, আপনি জনাব নাজনিন সুলতানা(পিতা-মোঃ আসরাফুল ইসলাম), নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), নার্সিং ইনস্টিটিউট, টাংগাইলকে এ মর্মে কৈফিয়ত তলব করা যাচ্ছে যে, আপনা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদানের কাজে প্রায় সময় অননুমোদিত ভবে অনুপস্থিত থাকা এবং দীর্ঘ দিন ছুটি ভোগ করে নার্সিং প্রশিক্ষণ প্রদান কাজের দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলা করার কারণে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এর কারণ এ পত্র জারীর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্যে নির্দেশ প্রদান করা হলো।

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬১.১৯/ ৪৫৬/১(৭)

২৫/০৮/১৪২৬।
তাং-----------------
১০/১১/২০১৯।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত সচিব(চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা পরিবার পরিকল্পনা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, টাংগাইল।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, টাংগাইল।
৪। সহকারী পরিচালক(নার্সিং), বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেরাপাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, টাংগাইল।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

১০/১১/১৯
মহাপরিচালকের পক্ষে
সহকারী পরিচালক(শৃংখলা)/(পিএমআইএস)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫১.১৯-

তাং---------------- /১৪২৬।
/২০১৯।

অফিস আদেশ

জনাব জয়শ্রী দেব(পিতা-বারীন্দ্র দেব), সিনিয়র স্টাফ নার্স(মিডওয়াইফ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেটকে এ অধিদপ্তরের ০৭/০৬/২০১৮খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১জ-৬৯৫/১০/২৭ সংখ্যক স্মারকের আদেশে মঞ্জুরীকৃত বহিঃ বাংলাদেশ ছুটি ০৬/০৮/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৪/০৯/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত ভোগরত অবস্থায় শারীরিক অসুস্থ্যতার বিষয়টি বাংলাদেশ দুতাবাস, ভারতের মাধ্যমে ৩০/০৮/২০১৮খ্রিঃ তারিখ অবহিত করেন। শারীরিক সুস্থ্যতার পর ১৩/০৩/২০১৯খ্রিঃ তারিখ কর্তব্য কাজে যোগদানের জন্যে তার কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন।

এমতাবস্থায়, জনাব জয়শ্রী দেব(পিতা-বারীন্দ্র দেব), সিনিয়র স্টাফ নার্স(মিডওয়াইফ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট এর শারীরিক অসুস্থ্যতার পর সুস্থ্যতার বিষয়ে মেডিকেল বোর্ডের প্রতিবেদনের প্রেক্ষিতে ০৫/০৯/২০১৮খ্রিঃ তারিখ হতে ১২/০৩/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত অনুপস্থিত দিন গুলি নির্ধারিত ছুটি বিধিমালা,১৯৫৯ এর বিধি ৯(৩) মোতাবেক অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। ১৩/০৩/২০১৯খ্রিঃ তারিখ তার দাখিলকৃত যোগদানপত্র গ্রহনের অনুমতি প্রদান করা হলো।

এ আদেশ স্থানীয় কর্তৃপক্ষের ০২/০৪/২০১৯খ্রিঃ তারিখের সিএসএস/ই-৩/২০১৯/৪৪৭৩ সংখ্যক স্মারক এবং তার ১৩/০৩/২০১৯খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে জারী করা হলো।

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৫১.১৯- ৪৫৭/১(৮)

তাং ২৫/০৮/১৪২৬।
১০/১১/২০১৯।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিভিল সার্জন, সিলেট।
২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট।
৩। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট।
৪। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, সিলেট।
৫। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব জয়শ্রী দেব(পিতা-বারীন্দ্র দেব), সিনিয়র স্টাফ নার্স(মিডওয়াইফ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট।
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

১০/১১/১৯
মহাপরিচালকের পক্ষে
সহকারী পরিচালক(শৃংখলা)/(~~পিএমআইএস~~)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।